ক্রোড়পত্র ক
বিএএসবি পত্র নং ২৩.২৮.০০০০.০০০.১৬.০০৫৮.২৬
তারিখঃ ৩০ জুন ২০২৬

# ভিশন ও মিশন

১.১ ভিশন। সশস্ত্র বাহিনীর কর্মরত ও অবসরপ্রাপ্ত সদস্য এবং তদীয় পরিবারবর্গের প্রাপ্য কল্যাণ, মর্যাদাপূর্ণ পুনর্বাসন এবং রাষ্ট্রীয় সুযোগ-সুবিধার প্রাপ্যতা নিশ্চিত করার মাধ্যমে একটি নিরাপদ ও সহায়তামূলক সামাজিক সুরক্ষা ব্যবস্থা গড়ে তোলা।

১.২ মিশন। (ক) সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য {(সশস্ত্র বাহিনী হতে অবসরপ্রাপ্ত, অব্যাহতিপ্রাপ্ত ও চাকুরীচ্যুত বাংলাদেশী/বৃটিশ/পাকিস্তানী সেনা, নৌ কিংবা বিমান বাহিনীর অফিসার, জেসিও, অন্যান্য পদবী/এনসি(ই)} ও তাদের পরিবারবর্গের জন্য কল্যাণমূলক কার্যক্রম বৃদ্ধিকরণ।

(খ) সশস্ত্র বাহিনীতে চাকুরীরত সদস্যদের অসামরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সহায়তা প্রদান।

(গ) সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য ও তদীয় পরিবারবর্গকে বাহিনী হতে প্রদত্ত সুযোগ সুবিধাদি প্রাপ্তি নিশ্চিতকরণ।

(ঘ) সশস্ত্র বাহিনীতে যোগদানের জন্য সম্ভাব্য প্রার্থীদের উদ্বুদ্ধকরণে প্রচারণা।

(ঙ) সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য ও তদীয় পরিবারবর্গের সদস্যদের পুনর্বাসন/পুনর্নিয়োগ কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন।

(চ) সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য ও তদীয় পরিবারবর্গের সদস্যদের কল্যানার্থে দাতব্য তহবিল, কল্যাণমূলক প্রতিষ্ঠান গঠন ও পরিচালন।



CamScanner